



সারা ভারত শান্তি ও সংহতি সংস্থা (AIPSO)

পশ্চিমবঙ্গ রাজ্য কমিটি

কৃষ্ণপদ ঘোষ মেমোরিয়াল ট্রাস্ট ভবন, ৫৫ সূর্য সেন স্ট্রিট, কলকাতা ৭০০০০৯ ই-মেল: bengalaipso@gmail.com

প্রেস রিলিজ

(১০ জানুয়ারি ২০২৩)

সারা ভারত শান্তি ও সংহতি সংস্থার সর্বভারতীয় কমিটির উপদেষ্টা কমিটির সদস্য এবং পশ্চিমবঙ্গ রাজ্য কমিটি সভাপতিমন্ডলীর সদস্য রবীন দেব ভিয়েতনাম যাচ্ছেন। ভিয়েতনামের হ্যানয়ে প্যারিস শান্তি চুক্তির ৫০ বছর পূর্তি উদযাপন উপলক্ষ্যে আয়োজিত আন্তর্জাতিক সম্মেলনে তিনি অংশগ্রহণ করবেন। সঙ্গে রয়েছে নানাবিধ কর্মসূচী। ১২ জানুয়ারি উদযাপন কর্মসূচীর উদ্বোধন হবে। অংশ নেবেন ভারতসহ বিশ্বের বিভিন্ন দেশের প্রতিনিধিরা। ভিয়েতনাম ইউনিয়ন অফ ফ্রেন্ডশিপ আর্গানাইজেশনের আমন্ত্রণেই রবীন দেব হ্যানয় যাচ্ছেন। ১৮ তারিখ তিনি হ্যানয় থেকে রওনা দেবেন। প্রসঙ্গত ১০ বছর আগে প্যারিস চুক্তির ৪০ বছর পূর্তি উপলক্ষ্যে আয়োজিত সম্মেলনেও ভারত থেকে রবীন দেব অংশ নিয়েছিলেন।

১৯৭৩ সালের ২৭ জানুয়ারি প্যারিসে মার্কিন যুক্তরাষ্ট্র এবং উত্তর ভিয়েতনামের মধ্যে শান্তি চুক্তি স্বাক্ষরিত হয়। চুক্তিতে বলা হয়, মার্কিন যুদ্ধবন্দীদের মুক্তি দেওয়া হবে, যুদ্ধ বিরতি কার্যকর করা হবে, ভিয়েতনাম থেকে সেনা প্রত্যাহার করবে আমেরিকা। চুক্তিতে স্বাক্ষর করলেও মার্কিন সামরিক অভিযান একেবারে বন্ধ হতে আরও সময় লাগে। প্যারিস শান্তি চুক্তি ভিয়েতনাম মুক্তি যুদ্ধের জয় লাভকেই সূচিত করে।

১৯৭৫-র ৩০ এপ্রিল সাইগন (এখন নাম হো চি মিন শহর) মুক্ত হয়। মুক্ত হয় দক্ষিণ ভিয়েতনাম। আমেরিকার পুতুল প্রশাসনের হাত থেকে। ভিয়েতনামের জনগণের চূড়ান্ত বিজয়। ১৯৭৬ সালের ২ জুলাই উত্তর ও দক্ষিণের পুনর্মিলনের সূত্রে আত্মপ্রকাশ করে ভিয়েতনাম সমাজতান্ত্রিক সাধারণতন্ত্র। বিশ্বের সবচেয়ে শক্তিশালী সাম্রাজ্যবাদী দেশ মাথা নত করে হো চি মিনের উত্তরসূরীদের কাছে।

---রাজ্য সম্পাদকমন্ডলী